# ...আনতে ফিরহাদের নির্দেশিকা

নিজস্ব প্রতিনিধি : সাত কেন দশ বারো বছর ধরে একাধিক চেষ্টা করেও মিউটেশন করাতে পারেননি। কারও মিউটেশন হওয়ার পরও পাঠানো হচ্ছে না সম্পত্তি করের বিল। 'টক টু কেএমসি'তে (শনিবার দুপুর ৩টে থেকে ৪টে) সম্প্রতি মিউটেশন ও সম্পত্তিকর নিয়ে হরেক এমন অভিযোগে কলকাতা পুরসংস্থার মুখ্য প্রশাসক ফিরহাদ হাকিম একরকম অতিষ্ঠ হয়ে উঠেছেন। এ সমস্যা মেটাতে এবার নিয়মিত মিউটেশন ও সম্পত্তিকর নিয়ে আধিকারিকদের কাজের রিপোর্ট দেওয়ার নির্দেশ দিলেন ফিরহাদ হাকিম। শীর্ষ আধিকারিকদেরও বিষয়টিতে নজর রাখার নির্দেশ দিয়েছেন। শীর্ষ পুর কর্তাদের একাংশের মতে বরো স্তরের আধিকারিকদের কারও কারও গাফিলতির জেরেই এমন ঘটনা ঘটেছে।




অ্যাডেড এরিয়াতে এমন অভিযোগ মুহুর্মুহু আছে। সেই গাফিলতি বন্ধে কলকাতার ১৬টি বরোয় আটকে থাকা মিউটেশন এবং সম্পত্তিকর সংক্রান্ত অভিযোগের তালিকা তৈরির নির্দেশ দিয়েছেন মুখ্য প্রশাসক। এরই সঙ্গে তাঁর নির্দেশ, আগামী সাত দিনের মধ্যে এই সমস্যার সমাধান করতে হবে। এবং সে তালিকা পুরসংস্থার ওয়েবসাইটে (www.kmcgov.in) তুলে দিতে হবে। কোথায় কোনও সমস্যা হলে নিয়মিত তার আপডেট উচ্চতর কর্তৃপক্ষের নজরে আনা হবে। কী কারণে মিউটেশন আটকে রয়েছে কোথায় সমস্যা সে সব ওয়েবসাইটে জানাতে হবে। ওয়েবসাইটে তথ্য দিয়ে পুরবাসীকে অবগত করতে হবে। শীর্ষ আধিকারিকদের মতে, নিচুতলার একাংশের অফিসারের কাজের প্রতি অনীহা এক্ষেত্রে সমস্যা হয়ে দাঁড়াচ্ছে। ফলে দীর্ঘদিন ধরেই বিভিন্ন বাড়ি বা আবাসনের মিউটেশন বাকি পড়ে থাকছে। বিশেষত অ্যাডেড এরিয়ায়।



# ...র বাড়ি

# ন্যাশনাল ওয়েবিনার ক্ষুদিরাম বোস সেন্ট্রাল কলেজে

নিজস্ব প্রতিনিধি : ২২ শ্রাবণ রবীন্দ্রনাথের তিরোধান দিবস। সেই দিনটিকে স্মরণে রেখে উত্তর কলকাতার ক্ষুদিরাম বোস সেন্ট্রাল কলেজের বাংলা বিভাগ এবং সাংবাদিকতা ও গণজ্ঞাপন বিভাগের যৌথ উদ্যোগে এক ন্যাশনাল ওয়েবিনারের আয়োজন করা হয় বিকেল ৫টার সময়। বিষয় : 'চলচ্চিত্রে রবীন্দ্রনাথ'। শুরুতে স্বাগত ভাষণ দেন কলেজের অধ্যক্ষ মাননীয় ড. সুবীর কুমার দত্ত। দিনটির তাৎপর্য, বিষয়ের গুরুত্ব এবং বক্তাদের পরিচয় তুলে ধরেন। প্রথম বক্তা চলচ্চিত্রাভিনেতা ও অধ্যাপক ড. শঙ্কর ঘোষ। 'রবীন্দ্রনাথের ছোটগল্পের চিত্ররূপ' নিয়ে তিনি বক্তব্য রাখলেন। সবাইকে মুগ্ধ করলেন। আলোচিত ছবিগুলির মধ্যে ছিল কাবুলিওয়ালা,



ক্ষুধিত পাষাণ, অতিথি, তিনকন্যা, চারুলতা, দৃষ্টিদান, মালঞ্চ, নিশীথে, খোকাবাবুর প্রত্যাবর্তন, স্ত্রীর পত্র, ল্যাবরেটরি প্রভৃতি। আলোচনার শুরুতে কিছু ছবির স্থির চিত্র দেখানো হয়। 'মালঞ্চ' ছবি থেকে ক্লিপিংসও দেখানো হয়। পরবর্তী বক্তা ছিলেন আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. অর্জুনদেব সেনশর্মা। ঘরে বাইরে, চারুলতা, চোখের বালি, কাবুলিওয়ালা প্রভৃতি ছবিগুলি ধরে তিনি আলোচনা করলেন। এই কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. সুব্রত কুমার মল্লিক ছিলেন এই ওয়েবিনারের মূল উদ্যোগী। তাঁকে এই কাজে সাহায্য করেছেন কলেজের অধ্যাপক অধ্যাপিকারা, যাঁদের মধ্যে ছিলেন দেবলীনা ভট্টাচার্য, পারেশ নন্দী, রামকৃষ্ণ ঘোষ, তাপসী ঘোষ। শুধু ছাত্রছাত্রীরাই নয়, উৎসাহী মানুষেরা লিঙ্কের মাধ্যমে এই আলোচনায় যোগ দিয়েছিলেন।

# ...রের নতুন কার্ডিও ভাসকুলার যন্ত্র



... করা সম্ভব হবে। ... ক্ষেত্রে উদ্ভাবনের গতি

আগামী বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার জন্য বর্তমানে প্রচুর যন্ত্রপাতির প্রয়োজন।

আইআইটি খড়্গপুরের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের গবেষক অধ্যাপক প্রশান্ত কুমার দাস বলেন, হৃদযন্ত্রের কাজের প্রকৃতি এবং গঠনগত সমস্যার কারণেই এটি নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করা বেশ জটিল বিষয়। এই কারণে, তাঁরা একটি কৃত্রিম মডেল তৈরি করে এই পরীক্ষা-নিরীক্ষার কাজটি করছেন। এর সাহায্যে হৃৎপিণ্ডের ভাল্ভ, তার ধমনী ও শিরায় রক্ত সঞ্চালন-সহ বিভিন্ন বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করা যাবে। গবেষক দলের অপর সদস্য সুমন্ত্র লাহা বলেন, তাঁরা প্রাণীদেহের উপরেও পরীক্ষা-নিরীক্ষা চালিয়েছেন। বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং সেন্টারের অধ্যাপক ইন্দ্রনীল ঘোষ বলেন, এই উদ্ভাবনের ফলে শুধুমাত্র চিকিৎসা প্রযুক্তির সঙ্গে যুক্ত গবেষকরাই উপকৃত হবেন না, চিকিৎসা বিজ্ঞানের ছাত্রছাত্রীরাও এই অঙ্গের চিকিৎসা করার জন্য একটি বাস্তবোচিত ধারণা পাবেন।

এই উদ্ভাবনের জন্য গবেষকরা সিমেন্স – গান্ধীয়ান ইয়ং টেকনোলজিক্যাল ইনোভেশন পুরস্কার ২০২০'তে সম্মানিত হয়েছেন।

# খানা...





...ook.com/alipur.barta.5 9434497772 alipurbarta1966@gmail.com alipur_barta...

...behalf of Nikhil Banga Kalyan Samity and Printed at Nikhil Banga Prakasani, Vivek Niketan, Vill- Sam...
...ad, Kolkata- 27. Editor: Dr. Jayanta Choudhuri.

...শিত এবং নিখিলবঙ্গ প্রকাশনী, বিবেক নিকেতন, গ্রাম-সামালি, পোস্ট-ন'হাজারি, থানা-বিষ্ণুপুর, দক্ষিণ ২৪ পরগনা হইতে মুদ্রিত এবং ৫৭/...
...ক : ড. জয়ন্ত চৌধুরী। সহ সম্পাদক : কুণাল মালিক। ফ্যাক্স নং : ০৩৩-২৮৩৯-১৫৪৪, ই-মেল-alipur_barta@yahoo.co.in/alipurb...